# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## Bangladesh Water Development Board

ফোন : ৮৮-০২-৯৫৫৫১৩৩
ফ্যাক্স: ৮৮-০২-৯৫৫১০৭৩
ই-মেইল : secretary@bwdb.gov.bd
bwdbsecretary@gmail.com

Phone : 88-02-9555133
Fax : 88-02-9551073
E-mail: secretary@bwdb.gov.bd
bwdbsecretary@gmail.com

সচিবালয়

---

স্মারক নং-৩২১ পাউবো (সচি)/বোর্ড-২(পূর্ব রিজিয়ন) তারিখঃ ২২-১১-২০১৮খ্রিঃ।

## সংশোধিত সার্কুলার

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের "৬৪টি জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুনঃ খনন প্রকল্প (১ম পর্যায়)" শীর্ষক প্রকল্পের কাজ দ্রুততম সময়ে বাস্তবায়ন ও প্রকল্পের কাজ সুষ্ঠু মনিটরিং এর স্বার্থে পূর্ত কাজ সম্পাদন সংক্রান্ত বিভিন্ন ক্রয়ের নিমিত্ত কেবলমাত্র আলোচ্য প্রকল্পের দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official Cost Estimate) ও দরপত্র প্রস্তাব অনুমোদন এবং দরপত্র মূল্যায়ন কমিটি গঠনের ক্ষেত্রে "বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আর্থিক ক্ষমতা অর্পণ-২০১৬" এবং বোর্ডের স্মারক নং-সিপিসি-৫১/সার্কুলার/১০৮৫ তারিখঃ ১৯/০৫/২০১৫ খ্রিঃ মোতাবেক জারীকৃত সার্কুলারের এডিপি প্রকল্পের (উন্নয়ন খাত) জন্য নির্দেশনা নিম্নোক্তভাবে সুনির্দিষ্টকরণ করা হলো ঃ

১। দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় ঃ

(ক) টাকা ১০০.০০ লক্ষ পর্যন্ত সকল দাপ্তরিক ব্যয় প্রাক্কলন (Official Cost Estimate) যথানিয়মে সংশ্লিষ্ট বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলীর সমন্বয়ে গঠিত তিন সদস্যের কমিটি প্রস্তুত করবেন এবং সংশ্লিষ্ট বিভাগের নির্বাহী প্রকৌশলী তা অনুমোদন করতঃ অনুমোদিত প্রাক্কলনের ০১(এক) কপি প্রকল্প পরিচালকের নিকটে সীলগালা অবস্থায় প্রেরণ করবেন।

(খ) টাকা ১০০.০০ লক্ষ এর উর্ধ্বে এবং টাকা ৮০০.০০ লক্ষ পর্যন্ত সকল দাপ্তরিক ব্যয় প্রাক্কলন (Official Cost Estimate) যথানিয়মে সংশ্লিষ্ট বিভাগের নির্বাহী প্রকৌশলীর সমন্বয়ে গঠিত তিন সদস্যের কমিটি প্রস্তুত করবেন এবং প্রকল্প পরিচালক তা অনুমোদন করবেন।

(গ) টাকা ৮০০.০০ লক্ষ এর উর্ধ্বে সকল দাপ্তরিক ব্যয় প্রাক্কলন (Official Cost Estimate) যথানিয়মে সংশ্লিষ্ট বিভাগের নির্বাহী প্রকৌশলীর সমন্বয়ে গঠিত তিন সদস্যের কমিটি প্রস্তুত করবেন। সংশ্লিষ্ট জোনাল প্রধান প্রকৌশলী তা অনুমোদন করতঃ অনুমোদিত প্রাক্কলনের ০১(এক) কপি প্রকল্প পরিচালকের নিকটে সীলগালা অবস্থায় প্রেরণ করবেন।

(ঘ) "বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আর্থিক ক্ষমতা অর্পণ-২০১৬" এর B1 এর মন্তব্য কলামের শর্ত (পৃষ্ঠা নং-১৩) প্রযোজ্য হবে।

২। দরপত্র প্রস্তাব মূল্যায়নের নিমিত্ত দরপত্র মূল্যায়ন কমিটি (TEC) গঠন ও মূল্যায়নকৃত দরপত্র প্রস্তাব অনুমোদন ঃ

(ক) টাকা ১০০০.০০ লক্ষ পর্যন্ত সকল দরপত্র প্রস্তাব দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশের ভিত্তিতে প্রকল্প পরিচালক অনুমোদন করবেন। এক্ষেত্রে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী দরপত্র মূল্যায়ন কমিটির চেয়ারপারসন (Member from Outside PE), সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী সদস্য সচিব এবং উপ-বিভাগীয় প্রকৌশলী সদস্য থাকবেন।

(খ) টাকা ১০০০.০০ লক্ষ এর উর্ধ্বে এবং টাকা ১৬০০.০০ লক্ষ পর্যন্ত সকল দরপত্র প্রস্তাব দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশের ভিত্তিতে সংশ্লিষ্ট জোনাল প্রধান প্রকৌশলী অনুমোদন করবেন। এক্ষেত্রে প্রকল্প পরিচালক দরপত্র মূল্যায়ন কমিটির চেয়ারপারসন (Member from Outside PE), সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী সদস্য সচিব এবং উপ-বিভাগীয় প্রকৌশলী সদস্য থাকবেন।

(গ) টাকা ১৬০০.০০ লক্ষ এর উর্ধ্বে এবং টাকা ২০০০.০০ লক্ষ পর্যন্ত সকল দরপত্র প্রস্তাব দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশের ভিত্তিতে সংশ্লিষ্ট অতিরিক্ত মহাপরিচালক, বাপাউবো অনুমোদন করবেন। এক্ষেত্রে প্রকল্প পরিচালক দরপত্র মূল্যায়ন কমিটির চেয়ারপারসন (Member from Outside PE), সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী সদস্য সচিব এবং উপ-বিভাগীয় প্রকৌশলী সদস্য থাকবেন।

(ঘ) টাকা ২০০০.০০ লক্ষ এর উর্ধ্বে এবং টাকা ৩০০০.০০ লক্ষ পর্যন্ত সকল দরপত্র প্রস্তাব দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশের ভিত্তিতে মহাপরিচালক, বাপাউবো অনুমোদন করবেন। এক্ষেত্রে প্রকল্প পরিচালক দরপত্র মূল্যায়ন কমিটির চেয়ারপারসন (Member from Outside PE), সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী সদস্য সচিব এবং উপ-বিভাগীয় প্রকৌশলী সদস্য থাকবেন।

(ঙ) "বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আর্থিক ক্ষমতা অর্পণ-২০১৬" এর C1 এর মন্তব্য কলামের শর্তসমূহ (পৃষ্ঠা নং-২১) প্রযোজ্য হবে।

৩। বোর্ডের স্মারক নং-৩১৭ পাউবো (সচি)/বোর্ড-২ (পূর্ব রিজিয়ন) তারিখঃ ১৪/১১/২০১৮ খ্রিঃ এবং প্রকল্প পরিচালক "৬৪টি জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুনঃ খনন প্রকল্প (১ম পর্যায়)" শীর্ষক প্রকল্প এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মনিটরিং সার্কেল, কাবিখা, বাপাউবো, ঢাকার স্মারক নং-তপ্রঃ/মসা/কাবিখা/০২ তারিখঃ ১৪/১১/২০১৮ খ্রিঃ মোতাবেক জারীকৃত সার্কুলার দু'টি এতদ্বারা বাতিল করা হলো।

৪। এ আদেশ মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জারী করা হলো।

২২-১১-২০১৮
(আব্দুল খালেক)
সচিব
বাপাউবো, ঢাকা।
khalequebd@gmail.com

স্মারক নং- ৩২১ পাউবো (সচি)/ বোর্ড-২(পূর্ব রিজিয়ন) তারিখঃ ২২-১১-২০১৮খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌশলী/প্রধান ..........................................বাপাউবো, ..............।
২। প্রকল্প পরিচালক ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মনিটরিং সার্কেল, কাবিখা, বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প ও র/পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, ............................ (সকল)।
৪। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা। (মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অবগতিতে আনার অনুরোধসহ)।
৫। সিস্টেম এনালিস্ট, টীক মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। (লক্তরাদেশটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
৬। নির্বাহী প্রকৌশলী, প ও র/পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ............................ (সকল)।
৭। ব্যক্তিগত সহকারী, অতিঃ মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পশ্চিম রিজিয়ন/পূর্ব রিজিয়ন/পরিকল্পনা/সচিব) বাপাউবো, ঢাকা।

(সৈয়দ মাহবুবুল হক)
উপ-সচিব (বোর্ড)
বাপাউবো, ঢাকা।

ডায়েরী নং ৪৪৭৩
প্রোগ্রামার
সহকারী প্রোগ্রামার ১/২
নেটওয়ার্ক প্রকৌশলী
অফিস সহকারী

সিস্টেম এনালিস্ট- ১/২
কম্পিউটার সেল, বাপাউবো, ঢাকা

তারিখঃ ২৫/১১/১৮
জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
নথিতে রাখুন
তাগিদ পত্র দিন